

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৬৮৬.২১-৮৪৮

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯

১২ মে ২০২২

বিষয়: রিট পিটিশন নং ১৩০৫৫/২০২১ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ
দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ১৩০৫৫/২০২১-এর ২২/১২/২০২১ খ্রিষ্টাব্দের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার ১৪নং
নিগুয়ারি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জনাব হাদিউল ইসলাম এর দাখিলকৃত মনোনয়নপত্র রিটার্নিং
অফিসার কর্তৃক বাতিল হওয়ায় প্রার্থী সংশ্লিষ্ট হয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ আট জনকে
প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ১৩০৫৫/২০২১ দায়ের করেন। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে
০৩ (তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ৩নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, ময়মনসিংহ।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৩০৫৫/২০২১ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার
প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য
দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।



১২-৫-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৬৮৬.২১-৮৪৮/১(৪)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯

১২ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১২-৫-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব